সূত্র : নিক-৭

তারিখ : অক্টোবর ৬, ২০২৫

কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনের

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম ও শুভেচ্ছা নিবেন।

বিগত ২ অক্টোবর ২০২৫ তারিখে কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনের নির্বাচনের প্রাথমিক ভোটার তালিকা ১৭৪৫ জন সদস্য নিয়ে প্রথম অংশ প্রকাশিত হয়েছে। পরবর্তীতে আহ্বায়ক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২৫ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত যেসব প্রাক্তন ছাত্রদের মধ্যে ২২৭ জন সদস্যপদ গ্রহণ করেছেন, তাঁদের অন্তর্ভুক্ত করে আজ প্রাথমিক ভোটার তালিকার সাথে দ্বিতীয় অংশ মিলিয়ে সর্বমোট ১৯৭২ জন সদস্যের সমন্বয়ে পূর্ণাঙ্গ প্রাথমিক ভোটার তালিকা প্রস্তুত করা হয়েছে। এই তালিকার ভিত্তিতে আগামী ৯ অক্টোবর ২০২৫ তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে, ইনশাআল্লাহ।

নির্বাচন কার্যক্রমের পরবর্তী ধাপসমূহ নিম্নরূপঃ

- মনোনয়নপত্র সংগ্রহ :

  ৯ অক্টোবর ২০২৫ থেকে

  ১৫ অক্টোবর ২০২৫ পর্যন্ত

- মনোনয়নপত্র দাখিল :

  ৯ অক্টোবর ২০২৫ থেকে

  ১৬ অক্টোবর ২০২৫

  বিকাল ৪:০০টা পর্যন্ত

মনোনয়নপত্র দাখিলের সময় নির্ধারিত ছকে জীবনবৃত্তান্ত ফর্ম পূরণ করতে হবে। এ ফর্মে কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনে আপনি কী ধরনের ভূমিকা রাখতে চান এবং সংগঠন সম্পর্কে আপনার ভবিষ্যৎ পরিকল্পনা কী—তা সর্বোচ্চ ১০০ শব্দের মধ্যে উল্লেখ করার সুযোগ থাকবে।

নির্বাচন কমিশন সকল প্রার্থীর জীবনবৃত্তান্ত ও ভবিষ্যৎ পরিকল্পনা WhatsApp ও ইমেইল এর মাধ্যমে সকল ভোটারের কাছে প্রেরণ করবে। পাশাপাশি নির্বাচন পোর্টাল/ওয়েবসাইটের মাধ্যমে প্রার্থীদের তথ্য প্রচারেরও ব্যবস্থা করা হবে, যাতে ভোটাররা প্রার্থীদের সম্পর্কে সম্যক ধারণা পেতে পারেন। এছাড়াও প্রার্থীরা নির্বাচন আচরণবিধি মেনে ভোটারদের কাছে সমর্থন চাইতে পারবেন।

আমরা সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ ও সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

শুভেচ্ছান্তে

একেএম কামরুল ইসলাম, এফসিএ

প্রধান নির্বাচন কমিশনার

নির্বাচন কমিশন

কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন